



## চট্টগ্রাম সিটি কর্পোরেশন

জনসংযোগ শাখা

চট্টগ্রাম

মোবাইল নং- ০১৮২৪৪৭৭৬৯৩



শেখ হাসিনার মুলনীতি  
গ্রাম শহরের উন্নতি

(প্রেস বিজ্ঞপ্তি)

১৪ আগস্ট' ২০২৩ খ্রি.

### দ্বন্দ্ব নয়, জলাবদ্ধতা কমাতে চাই সমষ্টয় : মেয়র

চট্টগ্রামের জলাবদ্ধতা নিরসনে সংস্থাগুলোর মাঝে সমষ্টয় চাইলেন চট্টগ্রাম সিটি মেয়র বীর মুক্তিযোদ্ধা মো. রেজাউল করিম চৌধুরী।

সোমবার টাইগারপাসস্থ চসিক ভবনে চট্টগ্রাম মহানগরীর জলাবদ্ধতা নিরসন বিষয়ক আন্তঃ দপ্তর সমষ্টয় সভায় সভাপতির বক্তব্যে মেয়র বলেন, চট্টগ্রামের জলাবদ্ধতা নিরসনে ৩টি সংস্থা ৪টি প্রকল্প বাস্তবায়ন করছে। এবার রেকর্ড বৃষ্টি হওয়ায় এবং এ প্রকল্পগুলো শেষ না হওয়ায় প্রবল জলাবদ্ধতায় নগরবাসী কষ্ট পেয়েছেন। আমাদের সবাইকে দ্বন্দ্ব-বিভেদ ভুলে চট্টগ্রামের স্বার্থে একযোগে কাজ করতে হবে।

সভায় জনপ্রতিনিধি হিসেবে নগরবাসীর জলাবদ্ধতা বিষয়ে বিভিন্ন অভিযোগ ও পরামর্শ তুলে ধরেন প্যানেল মেয়র গিয়াস উদ্দিন, কাউন্সিলর মোবারক আলী, শৈবাল দাস সুমন, আবদুল মানান এবং মোঃ এসরাবুল হক।

প্রধান নির্বাহী কর্মকর্তা শেখ মুহাম্মদ তোহিদুল ইসলামের সঞ্চালনায় সভায় উপস্থিত ছিলেন অতিরিক্ত বিভাগীয় কমিশনার মু. আনোয়ার পাশা, চট্টগ্রাম ওয়াসার ব্যবস্থাপনা পরিচালক এ কে এম ফজলুল্লাহ, চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষের প্রধান প্রকৌশলী মাহমুদুল হোসেন খান, চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষের সচিব মো. মিনহাজুর রহমান, অতিরিক্ত জেলা প্রশাসক আবু রায়হান দোলন, পুলিশের এডিশনাল কমিশনার এম এ মাসুদ, সিডিএ'র ভারপ্রাপ্ত প্রধান প্রকৌশলী হাবিবুর রহমান, সিডিএ'র জলাবদ্ধতা নিরসন প্রকল্পের পরিচালক লে. কর্নেল মো. শাহ আলী, চসিকের সচিব খালেদ মাহমুদ, চসিকের প্রধান প্রকৌশলী রফিকুল ইসলাম মানিক, প্রধান পরিচ্ছন্ন কর্মকর্তা মুহাম্মদ আবুল হাশেম, অতিরিক্ত প্রধান প্রকৌশলী মুনিরুল হৃদা, কর্ণফুলী সড়ক নির্মাণ প্রকল্পের পরিচালক রাজীব দাশ, পানি উন্নয়ন বোর্ডের প্রতিনিধিবৃন্দসহ চসিকের কর্মকর্তাবৃন্দ।

### শুল্কবহরে ত্রাণ বিতরণ করেছেন চট্টগ্রাম সিটি মেয়র

নগরীর ৮ নং শুল্কবহর ওয়ার্ডে অতিরিক্ত পরিবারের মাঝে খাদ্য সামগ্রী বিতরণ করেছেন চট্টগ্রাম সিটি মেয়র বীর মুক্তিযোদ্ধা মো. রেজাউল করিম চৌধুরী। এসময় আরো উপস্থিত ছিলেন সংসদ সদস্য মহিউদ্দিন বাচ্চু, কাউন্সিলর মোরশেদ আলম, সংরক্ষিত মহিলা কাউন্সিলর জেসমিন জেসী, ওয়ার্ড আওয়ামীলীগের সভাপতি আতিকুর রহমান, এম. এ. তাহের, কমল বড়ুয়া, আক্তার কামরুসহ এলাকাবাসী।

স্বাক্ষরিত/-

(আজিজ আহমদ)

জনসংযোগ অফিসার কাম প্রটোকল অফিসার

চট্টগ্রাম সিটি কর্পোরেশন।

মোবাইল-০১৮১৯-৯৩০ ৮৮৮